

আল নোমান শামীমের দু'টি অনুকবিতা

তোমাকে কবিতা ছাড়া বুঝিনা

কবিতায় বলো,
কবিতায় বুঝি,
তোমার মন আর শরীরের ভাষা-
তুমি কবিতার শব্দমালায়
ভেঙ্গে-চুরে, মেহগনি ছন্দে
কবিতায় বলো,
আমি নির্বরের নৃত্যে অনাদিকাল শুনি
তোমার নিঃশব্দ শ্রেষ্ঠ কবিতা সমূহ-

তোমার সাথে লুকোচুরি

গতরাতে তোমায় নিয়ে
লুকোচুরি
করে, আজ কিছুটা ক্লান্ত,
সারাদিন উপোষ।
সময় কাটাই এপাড়া-ওপাড়া,
বিকেল এলেই 'হাই' তুলি-
ঘরে ফেরার তাগিদ ভীষন জৈবিক,
অতঃপর ঘুম-
তোমার সাথে আবার লুকোচুরি খেলা।